ইত্তেফাক

তারিখ ......
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ....

# বিজ্ঞান শিক্ষায় সরকার সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে : শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বিজ্ঞান শিক্ষায় সরকার সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে। বিজ্ঞান শিক্ষায় শিক্ষার্থীদের আগ্রহী করে তুলতে সব ধরনের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ফলে বিজ্ঞানে শিক্ষার্থীর মোট সংখ্যা ও শতকরা হার অনেক বৃদ্ধি পেয়েছে। মন্ত্রী গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল অডিটোরিয়ামে বিজ্ঞান অলিম্পিয়াড ২০১৭-এর পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন। বাংলাদেশ বিজ্ঞান একাডেমি ও ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড এ অলিম্পিয়াডের আয়োজন করে।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের সময় বিজ্ঞানে শিক্ষার্থীর সংখ্যা কমে যাচ্ছিল। বিজ্ঞান পড়ায় শিক্ষার্থীদের আগ্রহী করতে আমরা বিভিন্ন উদ্যোগ গ্রহণ করি। ফলে এখন বিজ্ঞান শিক্ষায় ছাত্রছাত্রীর সংখ্যা অনেক বেড়েছে। বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে শিক্ষার্থী প্রতিবছর বাড়ছে। এরা ফলাফলেও ভালো করছে।

অলিম্পিয়াডে অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের উদ্দেশে তিনি বলেন, আপনারাই একদিন বিজ্ঞানী হবেন। বিজ্ঞান ও গবেষণার মাধ্যমে বিশ্বসভায় দেশের মুখ উজ্জ্বল করবেন। অলিম্পিয়াডে অংশগ্রহণের মাধ্যমে শিক্ষার্থীরা বিজ্ঞানের বিভিন্ন বিষয় আরো ভালোভাবে জানার ও শিখার সুযোগ পায়। তিনি বলেন, আজকের শিক্ষার্থীরাই এ জাতিকে বিভিন্নক্ষেত্রে নেতৃত্ব দেবে। তাই তাদের বিশ্বমানের শিক্ষা অর্জন করতে হবে।

বাংলাদেশ বিজ্ঞান একাডেমির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর কাজী আবদুল ফাত্তাহর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড.আ আ ম স আরেফিন সিদ্দিক, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ ওয়াসেক মো.আলী, বিজ্ঞান একাডেমির সেক্রেটারি ড. মেসবাহউদ্দিন আহমেদ এবং অলিম্পিয়াডের সমন্বয়কারী ড. নঈম চৌধুরী বক্তৃতা করেন। পরে শিক্ষামন্ত্রী বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণকারী বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার তুলে দেন। সারাদেশ থেকে আগত অংশগ্রহণকারীদের মধ্য থেকে স্কুল পর্যায়ে ৩০ জন এবং কলেজ পর্যায়ে ৩০ জন শিক্ষার্থীকে পুরস্কৃত করা হয়।